শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৩য় কর্পোরেশন সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : | ১৬ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ ॥ ৩১ আগস্ট ২০২০ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | ১০ নং ওয়ার্ড কমিউনিটি সেন্টার, মিরপুর-১, ঢাকা। |

সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট "ক"**

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়।সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাগণকে স্বাগত জানান।শোকের মাসের শেষ দিনে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট ১৯৭৫ সালে নিহত সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করেন। অতপরঃ তিনি নবাগত প্রধান নির্বাহী কর্মকর্তা'কে সকলের সাথে পরিচয় করিয়ে দেন।

সভাপতি তার স্বাগত বক্তব্যে বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব আয় কমে যাচ্ছে, সবাইকে সাশ্রয়ী হতে হবে। ট্যাক্স না বাড়িয়ে, ট্যাক্সের আওতা বাড়ানো হবে। সিটি কর্পোরেশনকে নিজের পায়ে দাড়াতে হবে উল্লেখ করে তিনি বলেন, বাংলাদেশের ইতিহাসে প্রথম বারের মতো রাজস্ব আদায়ে চিরুনি অভিযান পরিচালনা করা হবে। এ চিরুনি অভিযানে কাউন্সিলরদের অগ্রণী ভূমিকা পালনের অনুরোধ জানান। তিনি সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে এ সংক্রান্ত কমিটি গঠন করা হয়েছে। ফুটপাত, রাস্তা দখল ইত্যাদির বিরুদ্ধে ০৭ সেপ্টেম্বর থেকে বিভিন্ন অঞ্চলে বিশেষ অভিযান পরিচালনা করা হবে। সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও কাউন্সিলরদের সমন্বয়ে অভিযান পরিচালনা হবে মর্মে তিনি উল্লেখ করেন। ফুটপাতে নির্মাণ সামগ্রী বা অন্য কোন কিছু থাকলে তা তাৎক্ষণিক নিলামের মাধ্যমে বিক্রির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান। মশক নিধন অভিযান অব্যাহত থাকবে মর্মে তিনি উল্লেখ করেন।

বিদায়ী প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আবদুল হাই তার বিদায়ী বক্তব্যে তারকর্মকালীন সময়ে সহযোগিতা প্রদান করার জন্য উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাগণকে ধন্যবাদ জানান এবং নবাগত প্রধান নির্বাহী কর্মকর্তা'কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার আহ্বান জানান।

নবাগত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ সেলিম রেজা তার শুভেচ্ছা বক্তব্যে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাগণকে স্বাগত জানান এবং তাকে সানন্দে বরণ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

অতপরঃ সভাপতির অনুমতিক্রমেপ্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১** | : | **বিগত কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ।** |
| আলোচনা | : | বিগত ২০ জুলাই ২০২০তারিখ অনুষ্ঠিত ২য় কর্পোরেশন সভার (বাজেট সভা) কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী না থাকায়বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | ২য় কর্পোরেশন সভার (বাজেট সভা) কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-২** | : | নতুন অন্তর্ভূক্ত এলাকার ওয়ার্ডসমূহে এসটিএস/মাল্টিপারপাস হল/খেলার মাঠ ইত্যাদির জন্য সরকারি মালিকানাধীন জমি চিহ্নিতকরণ। |
| আলোচনা | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্প্রসারিত এলাকাকে ইতোমধ্যে নতুন ৫টি অঞ্চল (অঞ্চল- ৬ হতে |

১০) ও ১৮টি ওয়ার্ডে (ওয়ার্ড নং- ৩৭ হতে ৫৪) বিভক্ত করা হয়েছে। নতুন সৃজিত প্রতিটি অঞ্চলের আওতাধীন ওয়ার্ড ভিত্তিক ডিএনসিসি মালিকানাধীন এবং খাস জমির তালিকা নিম্নরূপ-

| ক্রঃনং | অঞ্চল | ওয়ার্ড নং | সভার আলোচনা |
|---|---|---|---|
| ১ | ৬ | ৫১ | খাস জমি নেই, তবে ৫১নং ওয়ার্ডে রাজউকের মালিকানাধীন ২টি পার্ক ও ৩টি খেলার মাঠ বিদ্যমান রয়েছে। |
| | | ৫২ | নাই |
| | | ৫৩ | আঞ্চলিক কার্যালয় হিসেবে ব্যবহৃত হচ্ছে। সিটি জরিপ মৌজা- রানাভোলা, জমির পরিমাণ- ০.২৮একর, মালিক- ডিএনসিসি। ৩ কক্ষ বিশিষ্ট ১তলা পাকা ভবন বিদ্যমান রয়েছে।রানাভোলা মেইন রোড সংলগ্ন অবস্থিত। |
| | | ৫৪ | নাই |
| ২ | ৭ | ৪৭ | **নাই** |
| | | ৪৮ | **সিটি জরিপ দাগ নং-২৫৮২, ২৫৮৩, ২৫৮৪ ও ২৫৮৫, জমির পরিমাণ- ০.৫৩৪৭ একর**। রেকর্ডীয় মালিক- জেলা প্রশাসক, ঢাকা। |
| | | ৪৯ | নাই |
| | | ৫০ | নাই |
| ৩ | ৮ | ৪৪ | আঞ্চলিক কার্যালয় হিসেবে ব্যবহৃত হচ্ছে। সিটি জরিপ মৌজা- কাসকড়া, দাগ নং- ৬৬৮, জমির পরিমাণ- ০.৩৬৪, মালিক- ডিএনসিসি, ২য় তলার ১তলা পাকা ভবন এবং ২য় তলা সেমিপাকা ভবন। |
| | | ৪৪ | আঞ্চলিক কার্যালয় হিসেবে ব্যবহৃত হচ্ছে। সি.এস মৌজা- মৌশাইর, দাগ নং- ৪৭, জমির পরিমাণ- ০.৪৮ একর, মালিক- জেলা প্রশাসক,ঢাকা। বর্তমান অবস্থানঃ ২য় তলা ও ১তলা নতুন ভবন বিদ্যমান। উল্লেখ্য ভবনটি ইউনিয়ন পরিষদের কার্যালয়ের উদ্দেশ্যে নির্মাণ করা হয়েছিল। |
| | | ৪৫ | **নাই** |
| | | ৪৬ | সিটি জরিপ মৌজা-গোবিন্দপুর, দাগ নং-১০২৮, ১০৪৪, ১০৮৫, ১১০৩ মোট জমির পরিমাণ-০.৪২৬০ একর খাস জমি রয়েছে, রেকর্ডীয় মালিক- জেলা প্রশাসক, ঢাকা। |
| ৪ | ৯ | ৩৯ | আঞ্চলিক কার্যালয় হিসেবে ব্যবহৃত হচ্ছে। সিটি জরিপ মৌজা- ভাটারা, দাগ নং- ১৩৬৭৬, জমির পরিমাণ- ০.২৮৫৬ একর, মালিক- ডিএনসিসি। এল- আকৃতির ১ তলা পাকা ভবন এবং উক্ত ১তলা ভবনের পশ্চিম পার্শ্বে দ্বিতল টিনসেড অফিস ঘর বিদ্যমান রয়েছে। বিদ্যমান অফিস ভবনের চারপার্শ্বের সড়ক নির্মাণ করায় বর্তমান উক্ত অফিস ভবনে **জমির পরিমান ১৭.৭৯ শতাংশ**। |
| | | ৩৯ | মৌজা- ভাটারা, সিটি দাগ নং- ১০২৫১, জমির পরিমান- ১৬.০২ শতাংশ, রেকর্ডীয় মালিক- জেলা প্রশাসক, ঢাকা। |
| | | ৪০ | **নাই** |
| | | ৪৩ | **নাই** |



২৭.৭.২০২০

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ৪১ | সি এস মৌজা- সাতারকুল, দাগ-১৪৯, জমির পরিমান-০.১০৩৯ একর, রেকর্ডীয় মালিক- ডিএনসিসি। বর্তমান অবস্থা- টিনসেড।আঞ্চলিক কার্যালয় হিসেবে ব্যবহৃত হচ্ছে। |
| | ৫ | ১০ | ৪২ | সিটি জরিপ মৌজা- বড় বেড়াইদ, দাগ নং- ৩৪১৭, জমির পরিমাণ- ০.০৭৭৬ একর, রেকর্ডীয় মালিক- ডিএনসিসি। ভূমিতে ০১ তলা পাকা ভবন রয়েছে। |
| | | | | সিটি জরিপ মৌজা- বড় বেরাইদ, দাগ-৩৪১৪ ও ৩৪১৫, জমির পরিমাণ-০.০২৩৮ একর, জমির শ্রেণি- দোকান, রেকর্ডীয় মালিক- জেলা প্রশাসক। |
| | | | | সিটি জরিপ মৌজা-বড় বেরাইদ, দাগ-৪০০০, জমির পরিমান- ০.১৩০৮ একর, মালিক- জেলা প্রশাসক, ঢাকা। বর্তমান অবস্থা- টিনসেড বাজার। |
| | | | | সিটি জরিপ মৌজা-বড় বেরাইদ, দাগ-৪১২৩, জমির পরিমান- ০.২৮০০ একর, মালিক- জেলা প্রশাসক, ঢাকা। বর্তমান অবস্থা-হাট। |
| | | | | সিটি জরিপ মৌজা-বড় বেরাইদ, দাগ-৩৮৮৫, জমির পরিমান- ০.২১৮০ একর, মালিক-জেলা প্রশাসক, ঢাকা। বর্তমান অবস্থা- শ্মশাণ ঘাট। |
| | | | ৩৮ | নাই |
| | | | ৩৭ | বাড্ডা ড্রাইভার কলোনী, মৌজা-বাড্ডা, দাগ-১৬৭১৮, ১৬৭০৯, ৬৭০০, জমির পরিমান- ০.৫৮০০ একর, রেকর্ডীয় মালিক- ডিএনসিসি । |

| | | |
|---|---|---|
| | | সভাপতি বর্ণিত তালিকা অনুযায়ী নতুন এলাকার সরকারি খাসজমি, রাজউকের জমি, ওয়াসার জমির তথ্যাদিও প্রদানের জন্য সম্মানিত কাউন্সিলরগণকে অনুরোধ জানান।তিনি নতুন এলাকায় এসটিএস, পার্ক, খেলার মাঠ স্থাপনের আশ্বাস প্রদান করেন। |
| সিদ্ধান্ত | : | সম্পত্তি বিভাগ প্রদত্ত তালিকায় উল্লেখিত স্থানসমূহে নতুন ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরগণ ও সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলরগণ সরেজমিনে পরিদর্শন পূর্বক সরকারি খাসজমি সমূহের তথ্যাদি (যদি থাকে) তা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | ১। সম্মানিত কাউন্সিলর, সংশ্লিষ্ট ওয়ার্ড, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>২। প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৩** | : | রাজস্ব পরিধি বৃদ্ধি ও অনাদায়ী হোল্ডিং ট্যাক্স আদায় তরান্বিত করার জন্য চিরুনি অভিযান সম্পর্কে অবহিতকরণ। |
| আলোচনা | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগ কর্তৃক রাজস্ব পরিধি বৃদ্ধি ও অনাদায়ী হোল্ডিং ট্যাক্স আদায় তরান্বিত করার জন্য অঞ্চল-২ ও অঞ্চল-৫ এর আওতাধীন সকল ওয়ার্ডে চিরুনি অভিযানের কর্মসূচি হাতে নেয়া হয়েছে। ইতোমধ্যে উক্ত অঞ্চলসমূহের সকল ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরগণকে আহবায়ক ও রাজস্ব বিভাগের কর কর্মকর্তা/ উপ কর কর্মকর্তাদেরকে সদস্য সচিব করে ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। গত ২৪/০৮/২০২০ খ্রি. মাননীয় মেয়র মহোদয়ের সভাপতিত্বে কমিটির আহবায়ক/ সদস্য সচিবদের নিয়ে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে গত ২৭/০৮/২০২০ খ্রি. মাননীয় মেয়র মহোদয়ের সভাপতিত্বে কমিটির সদস্য সচিবদের নিয়ে চিরুনি অভিযান সফল করার লক্ষ্যে কৌশল নির্ধারণী সভা করা হয়। ১ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. তারিখে মাননীয় মেয়র অঞ্চল-৫ এ চিরুনি অভিযানের শুভ উদ্বোধন করবেন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত | : | ১। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগ কর্তৃক রাজস্ব পরিধি বৃদ্ধি ও অনাদায়ী হোল্ডিং ট্যাক্স আদায় তরান্বিত করার জন্য অঞ্চল-২ ও অঞ্চল-৫ এর আওতাধীন সকল ওয়ার্ডে চিরুনি অভিযানের কর্মসূচি পরিচালিত হবে।<br>২। গঠিত কমিটি ০১ সেপ্টেম্বর ২০২০ তারিখ থেকে অভিযান পরিচালনা করবেন। |
| বাস্তবায়ন | : | ১। সম্মানিত কাউন্সিলর (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>২। প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৪** | : | কারওয়ান বাজারের ব্যবসায়ীদের স্থানান্তর/পুনর্বাসন সম্পর্কিত আলোচনা |
| আলোচনা | : | কারওয়ান বাজার হতে পাইকারী কাঁচা বাজার ঢাকার প্রবেশ মুখে পুনর্বাসন/ স্থানান্তরের নিমিত্ত মহাখালী, আমিন বাজার ও যাত্রাবাড়ী এলাকায় ৩টি পাইকারী কাঁচা বাজার নির্মাণ প্রকল্প একনেক সভায় গত ০৪/১০/২০০৬ তারিখে অনুমোদিত হয়। সে সিদ্ধান্ত অনুসারে ডিপিপি অনুমোদন করা হয়। সে লক্ষ্যে তিনটি মার্কেটের নির্মাণ কাজ চলমান রয়েছে। ০৩টি পাইকারি কাচা বাজারে প্রস্তাবিত দোকান:<br><br>ক্রমিক নং **মার্কেটের নাম** — **প্রস্তাবিত দোকান সংখ্যা**<br>(ক)আমিন বাজার পাইকারী কাঁচা বাজার — ৫৪৯<br>(খ)যাত্রাবাড়ী পাইকারী কাঁচা বাজার — ৮৯৫<br>(গ)মহাখালী পাইকারী কাঁচা বাজার — ৩৬০<br>মোট=১৮০৪ |
| সিদ্ধান্ত | : | কারওয়ান বাজারের ব্যবসায়ীদের স্থানান্তর/পুনর্বাসন দ্রুত সম্পন্ন করতে হবে। |
| বাস্তবায়ন | : | ১। প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>২। প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৫** | : | ৪০০ গজ × ৪০০ গজ এলাকায় জনসম্পৃক্ততা নিশ্চিতকরণ। |
| আলোচনা | : | প্রধান প্রকৌশলী বলেন, ছোট্ট একটি এলাকা যার আয়তন ১৬০০ বর্গ গজ। এই ছোট এলাকায় সম্মানিত কাউন্সিলর একজন সম্মানিত ব্যক্তিকে তিন মাসের জন্য মনোনীত করবেন। উক্ত ব্যক্তির কাছে একটি অ্যাপ থাকবে। এই অ্যাপের মাধ্যমে মশক কর্মী, পরিচ্ছন্নতাকর্মী এবং সিটি কর্পোরেশনের অন্যান্য সেবা দানকারী ব্যক্তিদের উপস্থিতি, তাদের ব্যবহার্য যন্ত্রপাতির মান এবং ঔষধ ও অন্যান্য সামগ্রীর গুণগত মান তাৎক্ষণিকভাবে ডাটাবেজে সংরক্ষণ করবেন।<br>এই অ্যাপের মাধ্যমে উত্তর সিটি কর্পোরেশনের সর্বোত্তম সেবাকর্মী, জনপ্রতিনিধি এবং আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা বের করা সম্ভব।একটি অ্যাপের মাধ্যমে উক্ত ১৬০০ বর্গগজ এর মধ্যে যেকোনো ধরনের নাগরিক সমস্যা যথা ভাঙ্গা রাস্তা, নষ্ট বৈদ্যুতিক বাতি, অসামাজিক কার্যকলাপ, অবৈধ দখল ইত্যাদি তাৎক্ষণিকভাবে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টিতে আনা সম্ভব।<br>প্রতি তিন মাস পর পর মনোনীত ব্যক্তি পরিবর্তিত হলে আগামী পাঁচ বছরে মোটামুটি সকল নাগরিকের সাথে জনপ্রতিনিধিদের একটি যোগসূত্র স্থাপিত হবে।<br>মাননীয় মেয়র বলেন, আমরা পাড়ায় পাড়ায়, মহল্লায় মহল্লায় প্রতিনিধি নিয়োগ করে দিবো। তিনিই সব তথ্য আপডেট করবেন। এই কার্যক্রম বাস্তবায়ন হলে জনগণকে সম্পৃক্ত করে আমরা সকল সেবা প্রদানের ব্যবস্থা করতেসক্ষম হবো। |
| সিদ্ধান্ত | : | কোন একটি ওয়ার্ডকে পাইলট হিসেবে ধরে ৪০০ গজ × ৪০০ গজ এলাকায় জনসম্পৃক্ততা নিশ্চিতকরণ এবং কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-৬ | : | বিবিধ |
|---|---|---|

| | | |
|---|---|---|
| বিবিধ-১ | : | Dhaka integrated urban development project (DIUDP) শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের জন্য বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড ও ডিএনসিসি'র মধ্যে প্রথম থেকেতৃতীয় সংশোধনী চুক্তি সম্পাদনের নিমিত্তে খসড়া চুক্তি অনুমোদন প্রসঙ্গে। |
| আলোচনা | : | এমজিএসপি প্রকল্পের আওতায় বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর অর্থায়নে Dhaka integrated Urban Development Project (DIUDP) শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্তে চুক্তি সম্পাদনের পূর্বে প্রণীত খসড়া চুক্তি বোর্ড সভায় অনুমোদনের বিষয়ে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৫৯ ধারা উল্লেখ রয়েছে। উল্লেখ্য, Dhaka Integrated Urban Development Project (DIUDP) শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের জন্য বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর সাথে 3rd Amendment of Sub-credit Agreement for Project Preparation Support (Advance) of Dhaka integrated urban development project (DIUDP) চুক্তি সম্পাদন জরুরি। এমজিএসপি প্রকল্পের আওতায় বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর অর্থায়নে Dhaka Integrated Urban Development Project (DIUDP) শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্তে ১ম থেকে ৩য় সংশোধিত চুক্তি সম্পাদনের বিষয়ে উপস্থিত কাউন্সিলরবৃন্দ একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | Dhaka integrated urban development project (DIUDP) শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের জন্য বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) ও ডিএনসিসি'র মধ্যে ১ম থেকে ৩য় সংশোধিত চুক্তি সম্পাদনের নিমিত্তে খসড়া চুক্তি অনুমোদন করা হয়। |
| বাস্তবায়নে | | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| বিবিধ-২ | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগের দুজন কর্মকর্তাকে চুক্তিভিত্তিক নিয়োগের প্রস্তাব। |
| আলোচনা | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসনিক ও রাজস্ব আদায়ের গতিশীলতা বজায় রাখার স্বার্থে রাজস্ব বিভাগের নিম্নবর্ণিত দুজন কর্মকর্তাকে চুক্তিভিত্তিক নিয়োগের প্রস্তাবে উপস্থিত কাউন্সিলরবৃন্দ একমত পোষণ করেন : |

| ক্রম | নাম | পদবী | অবসর উত্তর ছুটিতে গমনের তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ লিয়াকত আলী মিয়া | কর কর্মকর্তা | ২৭ অক্টোবর ২০২০ |
| ২ | জনাব মোঃ মোহসীন আলী | উপপ্রধান রাজস্ব কর্মকর্তা | ৩১ ডিসেম্বর ২০২০ |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের দুজন কর্মকর্তাকে চুক্তিভিত্তিক নিয়োগের প্রস্তাবে উপস্থিত কাউন্সিলরবৃন্দ একমত পোষণ করেন এবং মন্ত্রণালয়ে সুপারিশসহ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়নে | | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

**(মোঃ আতিকুল ইসলাম)**
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৩.২০-১৩

তারিখ: ০২ আশ্বিন ১৪২৭<br>১৭ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........../সংরক্ষিত আসন নং ............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. বিভাগীয় প্রধান (সকল), ............................................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ...................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. ..............................................................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(৫–৭) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৮. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. অফিস কপি।

(মোঃ মোজাম্মেল হক)<br>সচিব (অতিরিক্ত দায়িত্ব)<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।